# লোকবার্তা

চতুর্বিংশ বর্ষ । প্রথম সংখ্যা | লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের বুলেটিন | সেপ্টেম্বর-অক্টোবর ২০২০


## করোনাকালের কথা ও সুরে লোকশিল্পীরা

বাংলার লোকায়ত আঙ্গিকের সঙ্গে যুক্ত লোকসংগীত, লোকনৃত্য, লোকনাট্য, লোকশিল্প-সহ জনজাতি সংস্কৃতির শিল্পীসমাজ এই কোভিড-১৯ ভাইরাস সংক্রমণের কালে কিছুটা আতঙ্কিত। কিন্তু বর্তমান রাজ্য সরকার সবসময় তাঁদের পাশে থাকার বার্তা দিয়েছে। এই সময়কালে রাজ্যের বিভিন্ন জেলায় করোনাকে কীভাবে মোকাবিলা করা যায়, সে বিষয়ে সাধারণ মানুষকে সচেতন করার কাজে এগিয়ে এসেছেন লোকপ্রসার প্রকল্পের শিল্পীরাই। বাংলাব্যাপী শিল্পীরা এই সময়ে ঘরে বসেই সুর তালে তৈরি করেছেন নিজেদের সৃষ্টির জগৎ। তারই ছবি ধরা পড়েছে গ্রামশিল্পীদের সুরে, ছন্দে, শিল্পের নানা পরীক্ষা-নিরীক্ষায়। এরই কিছু নির্বাচিত অংশের সংকলন করা হয়েছে :



*পথচারীদের মাস্ক পরিয়ে দিচ্ছেন লোকশিল্পীরা*

''দিনের পরে রাত্রি আসে, সুখের পরে দুঃখ
মাঠে বীজ ছিটিয়ে চাষি আশায় বাঁধে বুক।
ছায়া কেটে সূর্য ওঠে দেখায় হাসি মুখ ॥ বন্ধু রে...

হতাশাতে ভুগিও না— ছাড়িও না আশা
জিতবো মোরা ঘুরে যাবে কালচক্রের এই পাশা।
বিশ্বস্বাস্থ্য সংস্থা মোদের করেছেন প্রশংসা ॥ বন্ধু হে...

'হেটো কবিতা'র সুরে— মনে পাই প্রেরণা
তরণীসেন মহান্তের লেখা স্বভাবে দিন কানা।
উত্তর দিনাজপুরের রায়গঞ্জে, সুভাষগঞ্জ ঠিকানা ॥ বন্ধু রে...''

উত্তরবঙ্গের সাধক-বাউলের হেটো কবিতায় এই ছন্দ প্রকাশের মতো পশ্চিম মেদিনীপুরের নয়ার পটুয়া দুখুশ্যাম চিত্রকর লিখেছেন সচেতনতা ও আশাবাদের কথা তাঁর পটের গানে—

'সাত দফা আইন মেনে তাড়াবো ভাইরাস
যথা চেষ্টা করে যাচ্ছে ডাক্তার ও নার্স।
এ কেমন মারণ ভাইরাস কেড়ে নিচ্ছে প্রাণ ॥

▶ এরপর ৪ পাতায়

## কোভিড ও ক্রান্তিকাল

প্রায় বছরকাল ব্যাপী করোনার প্রকোপে আমরা। এই সার্বিক বিপন্নতা কিছুটা সহনীয় হয়ে এসেছে, মাসের পর মাসের আতঙ্ক আশঙ্কার মধ্যেও। আমাদের বাংলায় তো বটেই, এই রোগ-সংকট বিশ্বজুড়ে। অজানা অসুখ আর সেই সংকট কাটিয়ে ওঠার লড়াই চলেছে অবিরত। এই সমস্যার মধ্যেও খোঁজ পাওয়া গেছে বহু শিল্পী গান রচনা করেছেন, সুর দিয়েছেন, শিল্পকৃতির নতুন দিশা খোঁজার চেষ্টা করেছেন। এ খবরও আমাদের নিত্য আশা জোগায়। প্রতিকূল সময় কাটিয়ে লোকশিল্পীদের নিজস্ব প্রয়াস আগামীর নতুন আলোর দিশা দেখাবে। লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের নিজস্ব বুলেটিন 'লোকবার্তা'রও দীর্ঘদিন যাবৎ প্রকাশ ব্যাহত হয়েছে। রঙিন আঙ্গিকে এই নব-রূপায়ণ আপনাদের অংশগ্রহণ ও শুভেচ্ছায় সমৃদ্ধ হবে— এই প্রত্যাশা।

### জেলার খবর

## করোনা সচেতনতা প্রচারে লোকশিল্পীরা

সামাজিক সচেতনতা, প্রশাসনের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের কথা বিভিন্ন লোকআঙ্গিকের মাধ্যমে বছরভর মানুষের মধ্যে পৌঁছে দেওয়ার কাজ করে চলেছেন পশ্চিমবঙ্গ সরকারের তথ্য ও সংস্কৃতি দপ্তরের লোকপ্রসার প্রকল্পের আওতাভুক্ত লোকশিল্পীরা। করোনা অতিমারির সময় রাস্তায় নেমে সাধারণ মানুষের কাছে উপযুক্ত স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য সচেতনতার বার্তা তুলে ধরেছেন তাঁরা। জনসংযোগ বাড়াতে দক্ষিণ ২৪ পরগনা জেলার কাকদ্বীপ মহকুমার বিভিন্ন রাস্তায় বাজারে পুজো প্যান্ডেলের সামনে কখনও যমরাজ ও চিত্রগুপ্ত আবার কখনও-বা শিবঠাকুর এবং তাঁর সহচর নন্দী-ভৃঙ্গি সেজে পথ চলতি মানুষকে সাবধান করতে দেখা গিয়েছে লোকশিল্পীদের। মাস্কবিহীন পথচারীদের সরকারি মাস্কও পরিয়ে দিয়েছেন তাঁরা। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এবং দক্ষিণ ২৪ পরগনা জেলা প্রশাসনের সক্রিয় সহযোগিতায় ব্লকে ব্লকে আয়োজন করা হয় এরকম প্রচার। এই ধরনের প্রচার যথেষ্ট সাড়া ফেলে সাধারণ মানুষের মধ্যে। অতিমারির পরিবেশে মানুষের উপকারে এই ধরনের কর্মসূচিতে অংশগ্রহণ করতে পেরে খুশি লোকপ্রসার প্রকল্পের শিল্পীরাও।

**প্রতিবেদন। বরুণকুমার মণ্ডল; মহকুমা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, কাকদ্বীপ**


## প্রথম উচ্চ-মাধ্যমিক উত্তীর্ণ বীরহড় কন্যা

এ রাজ্যের অন্যতম জনজাতি বীরহড়দের মধ্যে প্রথম উচ্চ-মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হলেন জানকী শিকারি। পুরুলিয়া জেলার বাঘমুন্ডি থানার ভূপতিপল্লির বাসিন্দা এই ছাত্রী প্রথম মহিলাদের মধ্যে এই কৃতিত্বের অংশীদার হলেন। ধসকা পণ্ডিত রঘুনাথ মুর্মু আদর্শ আবাসিক বিদ্যালয় থেকে এ বছর তিনি উত্তীর্ণ হয়েছেন। একই স্কুল থেকে এবছরই জবা শিকারি মাধ্যমিক উত্তীর্ণ হয়েছেন। আগেই অবশ্য পুরুষদের মধ্যে ভূপতিপল্লিরই বাসিন্দা সীতারাম শিকারি উচ্চ-মাধ্যমিক উত্তীর্ণ হয়েছেন। মূলত পুরুলিয়া জেলারই কয়েকটি গ্রামে এই জনজাতির বসতি দেখা যায়।

**প্রতিবেদন। শিবশঙ্কর সিং, পুরুলিয়া**

## লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র-র প্রকাশনা


অমল কে ভৌমিক
লৌকিক ছড়ায় লোকগণিত ৩০০.০০
অমিয়শঙ্কর চৌধুরী
পল্লিকবি একলিমুর রাজার সংগীতমালা ৮০.০০
অরুণকুমার রায়
লোকায়নচর্চার ভূমিকা ৫০.০০
অশোক ভট্টাচার্য
পশ্চিমবঙ্গের পটচিত্র ৪০০.০০
আদিত্য মুখোপাধ্যায়
রণনৃত্য ৭০.০০
আবদুর রাকিব
চারণকবি গুমানি দেওয়ান ১০০.০০
আবুল আহসান চৌধুরী
আব্বাসউদ্দিন ১২০.০০
উপেন্দ্রকিশোর রায়চৌধুরী
চিত্তরঞ্জন সেনগুপ্ত (তরজামাইচ)
মুরুলিমোহন হাঁসদা (গড়ঃ ইচ্)
টুনটুনি রেয়াঃ কাথা ৫০.০০
কালাচাঁদ মাহালী
মাহালী লোকগান ও লোককথা ১৫০.০০
গৌতমকুমার দাস
গাজন ভাটা দেলের গান ১৫০.০০
ডাবলু সরেন
সাঁওতালি নাটকের কথা ১৫০.০০
তনয় মণ্ডল
রাজবংশি লোকচিকিৎসা ১০০.০০
তরণীসেন মহান্ত
প্রশ্নোত্তরে বাউল গান ১২০.০০
তারাপদ সাঁতরা
পশ্চিমবঙ্গের লোকশিল্প ও শিল্পীসমাজ ৩০০.০০
দিনেন্দ্র চৌধুরী
গ্রাম নগরের গান ১০০.০০
গ্রামীণ গীতিসংগ্রহ (প্রথম খণ্ড ২০০.০০ ও
দ্বিতীয় খণ্ড ২২৫.০০)
দেবজিত্ বন্দ্যোপাধ্যায়
বঙ্গরঙ্গমঞ্চে লোকসংগীত ১৮০.০০
দীপক বিশ্বাস
কবিয়াল লম্বোদর চক্রবর্তী ৬০.০০
দীপঙ্কর ঘোষ
আদিবাসী শিকার সংস্কৃতি ১২০.০০
পশ্চিমবঙ্গের মৃৎশিল্প ১৫০.০০
লোকশিল্পীর মুখোমুখি ১২০.০০
ধনঞ্জয় রায়
খন ৭০.০০
ধীরেন্দ্রনাথ কর
রাঢ় বাঁকুড়ার লোকভাষা ও লোকশব্দাবলী ১৭০.০০
ধীরেন্দ্রনাথ বাস্কে
আদিবাসী সমাজ ও পালপার্বণ ১৭০.০০






















ধীরেন্দ্রনাথ বাস্কে ও দীপঙ্কর ঘোষ
বাজার হেমব্রম ৪৫.০০
নিখিলকুমার চন্দ
টগর অধিকারী ৫০.০০
নির্মলেন্দু দে
জেতোড় লোকসাহিত্য ১২০.০০
নিরঞ্জন বন্দ্যোপাধ্যায়
সুধী প্রধান : জীবন ও সাধনা ৭৫.০০
নিশীথ চক্রবর্তী
পুতুল নাচ ৮০.০০
তরজা গান ৪৫.০০
পশুপতিপ্রসাদ মাহাতো (সম্পা.)
মহাকবি বিনন্দিয়া সিংহের পদাবলী : রামায়ণ ও
রাধাকৃষ্ণ ১৫০.০০
পুষ্পজিৎ রায়
গম্ভীরা ১০০.০০
মালদহ জেলার লৌকিক ছড়া ও সংগীত ১২০.০০
প্রমোদ নাথ
তামাঙ ৬০.০০
বরুণকুমার চক্রবর্তী
লেটো ১৫০.০০
বিকাশকান্তি মিদ্যা
দক্ষিণ চব্বিশ পরগনার স্থান নাম ১৭০.০০
বিধান বিশ্বাস
শোলাশিল্প ৫০.০০
বীরেশ্বর বন্দ্যোপাধ্যায়
ধর্মঠাকুর শূন্যপুরাণ প্রসঙ্গে ১৭০.০০
হেটো বই ১০০.০০
বুদ্ধদেব বন্দ্যোপাধ্যায়
নজরুল সাহিত্যে লৌকিক জীবন ও সংস্কৃতি ২০০.০০
মনাঞ্জলি বন্দ্যোপাধ্যায়
বাংলা প্রবাদ ও কৃষিবিজ্ঞান ১২০.০০
মণিমোহন দাস
গ্রামীণ সংগীতের ডালি ১৫০.০০
মহঃ জাহাঙ্গীর হোসেন
বাংলাদেশের লোকনাট্য ৪০০.০০
মালিনী ভট্টাচার্য (সম্পা.)
সুধী প্রধান স্মারক গ্রন্থ ২০০.০০
মালিনী ভট্টাচার্য ও প্রদীপ্ত বাগচি
কবিয়াল গুরুদাস পাল ৫০.০০
মিহির ভট্টাচার্য (সম্পা.)
লোকশ্রুতি প্রবন্ধ সংকলন ২০০.০০
মুকুন্দদাস ভট্টাচার্য
বরাক উপত্যকার লোকনৃত্য ৬০.০০
মুহম্মদ আয়ুব হোসেন
মহিলা কথকদের কেচ্ছা এবং রূপকথা ১০০.০০




















# লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র-র প্রকাশনা



মোহিত রায়
বোলান ৮০.০০
যোগেন্দ্রনাথ দাস (সংকলন) নিখিলেশ রায় (সম্পা.)
উককতার ঝোপা ১৫০.০০
রত্না রশীদ
জারি জঙ্ মোর্শিয়া ১৫০.০০
রফিকুল ইসলাম
ময়ূরপঙ্খি গান ৬০.০০
রীতা সাহা
রবীন্দ্রমানসে লোকসংগীতের প্রভাব ৩০০.০০
রেবতীমোহন সরকার
লোকসংস্কৃতির পদ্ধতিবিদ্যা ১২৫.০০
লোকনাথ দত্ত (অরুণ চৌধুরী সম্পা.)
সাঁওতাল কাহিনী : বনবীর গাথা ৫০.০০
শক্তিনাথ ঝা
আলকাপ ১২০.০০
ঝাকসু ২৫.০০
শ্রমসংগীত ১০০.০০
শশাঙ্কশেখর দাস
বনবিবি ১০০.০০
শ্যামল বেরা
ভাঁড়যাত্রা ৯০.০০
শিখা বন্দ্যোপাধ্যায়
লোকসংস্কৃতি চর্চা ও সুকুমার সেন ১০০.০০
শিবপদ ভৌমিক ও সুস্মিতা ভৌমিক
লোকসংস্কৃতি চর্চা ৮০.০০
শিবপ্রসাদ চট্টোপাধ্যায়
লোকায়ত পশ্চিমরাঢ় ১৩০.০০
শিবেন্দু মান্না
বাদাই গান ৪৫.০০
শিবেন্দুশেখর মিশ্র
সাঁওতাল : সমাজ সংস্কৃতি ও সংগ্রাম ২৫০.০০
শেখর বন্দ্যোপাধ্যায়
ধিমাল ৭০.০০
শ্যামাপদ বর্মন
ভাওয়াইয়া গীতিসংগ্রহ ও স্বরলিপি ১০০.০০
সহদেব মুরমু
শিকাঁর দিসম রেয়াঃ সহরায় এনেচ্
সেরেঞ্ঞ ১৫০.০০
সমীর চক্রবর্তী
চা বলয়ের সংস্কৃতি ২২৫.০০
সঙ্গীতা সেন
মুখোশশিল্প ৮০.০০
সুজিত বিশ্বাস
অষ্টক ৮০.০০
সুব্রত চক্রবর্তী
ভাদু ১২০.০০











সুব্রত মুখোপাধ্যায়
জঙ্গলমহলের জনসংস্কৃতি ১০০.০০
সীমান্ত বাংলার লোকক্রীড়া ৩০.০০
সুবোধ চৌধুরী
ডোমনি ৬০.০০
সুবোধ বসু রায়
রাঢ়বঙ্গের কারুশিল্প ৪০.০০
সুশান্ত বিশ্বাস
মালপাহাড়িয়া ৪৫.০০
লুপ্তপ্রায় লোকসংস্কৃতি ৭৫.০০
সুহাসিনী দেবী
মেয়েলি ব্রতকথা ১৫০.০০
সোমা মুখোপাধ্যায়
রাঢ়বঙ্গের লোকমাতৃকা ৪০.০০
বাংলার দাই ২৫০.০০
হাবিবুর রহমান
সামাজিক উন্নয়নে ফোকলোর ১৫০.০০
জেলা লোকসংস্কৃতি পরিচয়
নদিয়া ১৫০.০০, বর্ধমান ১৪০.০০, বাঁকুড়া ১০০.০০,
হাওড়া ৭০.০০, মেদিনীপুর ১৪০.০০
মুর্শিদাবাদ ৪৫০.০০, পুরুলিয়া ৪০০.০০,
মালদহ ৪৫০.০০, বীরভূম ৪০০.০০,
আলিপুরদুয়ার ৪০০.০০, দক্ষিণ দিনাজপুর ৪০০.০০
পশ্চিমবঙ্গের মেলা ৩০০.০০
বঙ্গীয় লোকসংগীত কোষ ৪০০.০০
লোকদেবতা ও উৎসব : নানা প্রসঙ্গ ২৫০.০০
লোকভাষার নানা দিগন্ত ১৫০.০০
রবীন্দ্রনাথের ছড়া পটুয়ার গান *প্রতিটি* ১০.০০
**Santal Architecture** *200.00*
**Folk Music and Folklore : An Anthology** *300.00*
**Hemango Biswas (ed.)**
লোকশ্রুতি (ষাণ্মাসিক গবেষণা পত্রিকা) ৫০.০০ প্রতি সংখ্যা

## ক্যাসেট ও সিডি

ঝুমুর, লালনের গান, দরবেশি গান, ভাওয়াইয়া, ভাটিয়ালি, দাশরথি রায়ের পাঁচালি, বঙ্গরঙ্গমঞ্চের লোকসংগীত, বাউল গান, ধামাইল, গোয়ালপাড়ার ভাওয়াইয়া, সাধু রামচাঁদ মুর্মুর গান, রণেন রায়চৌধুরীর মারিফতি, অনন্তবালা বৈষ্ণবীর গান, বাহা, দং, লাগড়েঁ, দরবারি ঝুমুর, ভাদু, টুসু, করম, কবিগান, ফকিরি গান, তরজা গান, তিস্তা নদীর পাড়ে পাড়ে, মেচ ও রাভা ইত্যাদি।

**প্রাপ্তিস্থান**

রবীন্দ্রসদন 'বইঘর', দক্ষিণাপণ মার্কেটে 'লোকসংস্কৃতির বই' স্টল ও কেন্দ্রের লোকগ্রামের কার্যালয়

# করোনাকালের কথা ও সুরে লোকশিল্পীরা

► *১ পাতার পর*

পুলিশ শিল্পী একসঙ্গেতে গাইছি মধুর গান
এ গান শুনে মারণ ভাইরাস কবরেতে যান।
ঈশ্বর আল্লা আছে করবে মুশকিল আসান॥

সর্দিকাশি জ্বর হইলে হাসপাতালে যাও
সাবান দিয়ে হাত ধোও বাড়িতে কাটাও।
নিজে বাঁচো লোক বাঁচাও থাকো সাবধান॥'

দিনযাপনের সঙ্কটের মধ্যেও গ্রামীণ জনজীবনে সুর-ছন্দ রচনায় এ এক অন্য তাগিদ। বাংলার প্রবীণতম বহুরূপী শিল্পী বীরভূমের সুবলদাস বৈরাগ্য ছন্দ তৈরি করেছেন— 'হায়রে দেশের কী হল/করোনা মহামারি দেখা দিল।' নদিয়ার বৃত্তিহুদা গ্রামে সাহেবধনী সম্প্রদায়ের কুবির গোঁসাইয়ের প্রতি ভক্তের ডাক রূপ পায় গানের সুরে। তাঁরই উত্তরাধিকারী নবকুমার বৈরাগ্য লোকধর্মের সুর ও বাণী মিলিয়ে রচনা করেছেন—

'করোনা থেকে করো মুক্তি সর্ব বিশ্ব সমুদয়।
খ্যাপার মনে চিন্তা সদাই
তুমি ছাড়া আর আমার তো কেহ নাই॥'

নদিয়া জেলারই শিল্পী সুভদ্রা শর্মা লিখেছেন—

'ও সোনা ও মনা ও করোনা এ কথাটি শোনো না,
জীবন নিয়ে টানাটানি আর কোরো না।

তোমার ভালোবাসার এমনই ফাঁদ,
হায়! ঝরছে কত আকাশের চাঁদ।
হাজার তারার মিটলো না সাধ,
মাটিতে মিশলো বাসনা।

আর কত দিন আর কত দিন?
নাচবে তা ধিনা ধিন ধিন।
দুনিয়ার খুশি হল যে লীন,
পেয়ে জীবন যন্ত্রণা।

তোরে মিনতি করি,
যা চিনে তোর বাড়ি।
দাসী সুভদ্রা বাঁচে হাঁফ ছাড়ি,
দয়া করে যাও, যাও না।'



*যমরাজ ও চিত্রগুপ্তের সাজে করোনা সচেতনতার প্রচারে লোকশিল্পীরা*

ঝুমুর সুরেও ঝাড়গ্রামের বামুনডিহার ছত্রমোহন মাহাতো রচনা করেছেন—

'করোনাকে ভয় কোরো না কোরো না অবহেলা,
করোনা এক মহামারি ভাঙে মানুষের মেলা।
করোনার করাল থাবা বিশ্ব চরাচরে,
লাখে লাখে মরছে মানুষ সর্দি কাশি জ্বরে।
বিজ্ঞানের বাহাদুরি করোনা কি করলো চুরি,
নইলে কেন মহামারি করোনার খেলা॥
করোনাকে ভয় কোরো না—'

**সংগ্রহ ও সংকলন। দীপঙ্কর ঘোষ**

# প্রয়াণ

## পুলকেন্দু সিংহ

বাংলার লোকসংস্কৃতি চর্চার অগ্রণী সংগঠক পুলকেন্দু সিংহ ২৩ জানুয়ারি ২০২০ প্রয়াত হয়েছেন। তাঁর বয়স হয়েছিল ৮২ বছর। মুর্শিদাবাদ জেলার এই গবেষক-সংগঠক মধ্যবঙ্গের বিস্তীর্ণ অঞ্চলে তাঁর কর্মোদ্যোগে সামিল হয়েছিলেন। তিনি ছিলেন লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের সূচনাপর্বের লোকসংস্কৃতি পর্ষদের অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য। মুর্শিদাবাদ জেলার পাঁচথুপির বাসস্থানে থেকে, বিগত শতকের ষাটের দশক থেকে প্রয়াণকাল পর্যন্ত তাঁর ক্ষেত্রসন্ধানী কর্মোদ্যোগ সচল ছিল। মুর্শিদাবাদ-সহ পার্শ্ববর্তী জেলার লোকশিল্পীদের সংগঠনে ধারাবাহিকভাবে আর্থিক ও শৈল্পিক উন্নয়নে কাজ করে গেছেন। লোকচিত্রকলা পটচিত্র ও রায়বেঁশে নাচের পুনরুজ্জীবনে তাঁর একাত্মতা স্মরণীয় হয়ে থাকবে। লোকশিল্পীদের নিয়ে এরাজ্য ছাড়া বিভিন্ন প্রদেশের সংস্কৃতি-উৎসবে তাঁর নেতৃত্বে অংশগ্রহণ ছিল উল্লেখযোগ্য প্রয়াস। তাঁর দেখা ও অভিজ্ঞতার ভিত্তিতে রচিত বিভিন্ন বইয়ের মধ্যে অন্যতম 'মুর্শিদাবাদের লোকায়ত সঙ্গীত ও সাহিত্য', 'লোকায়ত মুর্শিদাবাদ', 'পঞ্চায়েত ও লোকসংস্কৃতি', 'মুর্শিদাবাদের লোকশিল্পী', 'মধ্যবঙ্গের লোকসঙ্গীত', 'মুর্শিদাবাদের লোকসংস্কৃতি' ও 'কালকেতুর আপন দেশে'।

## চিত্তরঞ্জন দাশগুপ্ত

আদি মল্লভূমের গ্রাম-জনপদে মিশে আছে তাঁর অস্তিত্ব। আমাদের অতীত ঐশ্বর্যকে স্বতন্ত্রভাবে চিনতে, স্বপ্ন দেখা দেশব্রতী হয়ে ওঠা, তাঁর চর্চায় আলাদা মাত্রা দিয়েছিল। গত ১২ আগস্ট ২০২০, বিষ্ণুপুরে প্রয়াত হলেন চিত্তরঞ্জন দাশগুপ্ত। বয়স হয়েছিল ৯৬ বছর। ছাত্রজীবনের কবিতা, গল্প, নাটক লেখার স্ফুরণ থেকে পরবর্তীতে শিক্ষকতার পাশাপাশি সংস্কৃতি চর্চা ও সংরক্ষণে আত্মনিবেদন করেন— একান্তই বঙ্গভূমিকে ভালোবাসার টানে। মানিকলাল সিংহের সহযোগী হয়ে মল্লভূমে রাঢ়বঙ্গ চর্চাকে আলাদা মাত্রা দিয়েছিলেন। বিষ্ণুপুর বঙ্গীয় সাহিত্য পরিষদের অন্যতম প্রতিষ্ঠাতা এই কর্মযোগী ছিলেন আচার্য যোগেশচন্দ্র পুরাকৃতি সংগ্রহশালার সদস্য-সচিব। রাঢ়বঙ্গের নানা প্রান্ত থেকে তিনি সংগ্রহ করেছেন অজস্র প্রত্নবস্তু ও লোকশিল্পের নিদর্শন— যা বিষ্ণুপুর সংগ্রহশালার অমূল্য সম্পদ।

## সোনম শেরিং লেপচা

লেপচা জনজাতির বিশিষ্ট শিল্পী, সংগ্রাহক ও সংগ্রহশালা সংগঠক সোনম শেরিং লেপচা ৩০ জুলাই ২০২০ প্রয়াত হয়েছেন। তাঁর বয়স হয়েছিল ৯২ বছর। কালিম্পঙে লেপচা সংগ্রহশালা গড়ে উঠেছে তাঁরই উদ্যোগ ও ব্যবস্থাপনায়। লেপচা সংস্কৃতির রক্ষণ ও প্রসার ছিল তাঁর নিরন্তর অভ্যাস। কয়েকশো গান সংকলন করেছেন, বাদ্যযন্ত্র নিয়ে সুর দিয়েছেন, রূপ দিয়েছেন লেপচা নৃত্যনাট্যের। কালিম্পং-সহ দার্জিলিং জেলা বটেই, নেপাল থেকেও সংগ্রহ করেছেন নানা সাংস্কৃতিক উপাদান। পোশাক, পুঁথি, হাতিয়ার, বাদ্যযন্ত্র, তৈজসপত্র, অলংকার-সহ নানা সম্মানজ্ঞাপক পত্র আছে এই সংগ্রহশালায়। তিনি ২০১৪ সালে বঙ্গবিভূষণ সম্মান পান। তিনি পেয়েছেন সংগীত-নাটক অ্যাকাডেমি পুরস্কার এবং পদ্মশ্রী সম্মান। লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র থেকেও তিনি সম্বর্ধিত হয়েছেন।

লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র, তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার-এর পক্ষে কৌস্তভ তরফদার, সচিব কর্তৃক প্রকাশিত এবং ডি অ্যান্ড পি গ্রাফিক্স প্রা. লি., ১৪৩ ওল্ড যশোর রোড, কলকাতা ৭০০ ১৩২ থেকে মুদ্রিত। কার্যালয় : লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র, তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, 'লোকগ্রাম', ছিট-কালিকাপুর, কলকাতা ৭০০০৯৯। ফোন : (০৩৩) ২৪২৬-২৭২৮/২৬৩৭ (ফ্যাক্স) ই-মেল : loksanskriti@live.com
সম্পাদক : জয় গোস্বামী ॥ সহ-সম্পাদক : দীপঙ্কর ঘোষ